ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি (ডেসকো) লিমিটেড
প্রশাসন বিভাগ
www.desco.org.bd
২২/বি ফররুখ সরণি, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯

স্মারক নম্বর: ২৭.২৪.০০০০.০৬৭.১৮.০০৫.২০.২৪৪

তারিখ: ১৪ শ্রাবণ ১৪২৭
২৯ জুলাই ২০২০

বিষয়: **মাস্ক ব্যবহার সংক্রান্ত নির্দেশনা।**

সূত্র: স্মারক নং-৪৫.১৭০.০০১.০০.০০.০০২.২০২০-১৯৯, তারিখঃ ২১/৭/২০২০ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিসে কর্মরত কর্মকর্তা, কর্মচারী ও সংশ্লিষ্ট অফিসে আগত সেবা গ্রহীতাগণকে বাধ্যতামূলকভাবে মাস্ক ব্যবহার করার নির্দেশনা প্রদান করা হয়েছে। স্বাস্থ্য সেবা বিভাগের মাস্ক ব্যবহার সংক্রান্ত নির্দেশনা সম্বলিত পরিপত্র সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অত্রসাথ সংযুক্ত করে প্রেরণ করা হলো। সংশ্লিষ্ট সকল দপ্তর/বিভাগীয় প্রধানগণ বিষয়টি নিশ্চিত করবেন।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

২৯-৭-২০২০
এস. এম. জামিল হুসাইন
মহাব্যবস্থাপক (প্রশাসন)

বিতরণ :
১) প্রধান প্রকৌশলী (ডিএন্ডপি/পি এন্ড ডি/নেটওয়ার্ক অপারেশন/এস এন্ড ডি অপারেশন (ইস্ট জোন/ওয়েস্ট জোন)/পিএমপিএন্ডএসএম)/মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব)।
২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পি এন্ড ডি/এমপি এন্ড এস/ডি এন্ড এমডব্লিউ/আইসিটি/এস এন্ড ডি অপারেশন (ইস্ট জোন ১/ ইস্ট জোন ২/ ওয়েস্ট জোন ১/ওয়েস্ট জোন ২)/ পিআই এন্ড টি/ জিএসপি এন্ড ইএ/এমভিএসএসএম/ প্রকল্প পরিচালক (গ্রীড/বিতরণ)/কোম্পানি সচিব/ উপ-মহাব্যবস্থাপক (এইচআরএম/অর্থ/হিসাব/ইন্টারনাল অডিট)।
৩) নির্বাহী প্রকৌশলী, বি ও বি বিভাগ (পল্লবী/কাফরুল/মনিপুর/আগারগাঁও/রূপনগর/শাহআলী/গুলশান/জোয়ারসাহারা/বারিধারা/ বাড্ডা/উত্তরা(পূর্ব)/উত্তরা(পশ্চিম)/টঙ্গী(পূর্ব)/টঙ্গী(পশ্চিম)/উত্তরখান/দক্ষিণখান)/এলএন্ডজিএস/মনিটরিং সেল/ সেন্ট্রাল স্টোর/ মিটার ওয়ার্কশপ/টেস্টিং এন্ড রিপেয়ারিং/স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপক (এস্টেট এন্ড লিগ্যাল অ্যাফেয়ার্স/ সাব-স্টোর/নিরাপত্তা)।

স্মারক নম্বর: ২৭.২৪.০০০০.০৬৭.১৮.০০৫.২০.২৪৪/১(৭)

তারিখ: ১৪ শ্রাবণ ১৪২৭
২৯ জুলাই ২০২০

অনুলিপিঃ সদয় অবগতির জন্য।
১) নির্বাহী পরিচালক (অর্থ ও হিসাব/এইচআর/সংগ্রহ/অপারেশন/প্রকৌশল)।
২) স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক।
৩) অফিস কপি।

২৯-৭-২০২০
গাজী শাহরিয়ার পারভেজ
উপ-মহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব)

| | | |
|---|---|---|
| ED (Admin) | ED (Engg) | ED (Proc) |
| ED (F & A) | ED (Opn) | |

DESCO ADMINISTRATION
Received No 5942
Date 23/7/20

Office Of The MD DESCO
Received No. 2221 Date 23-7-20

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
জনস্বাস্থ্য-১ অধিশাখা
www.hsd.gov.bd

স্মারক নং-৪৫.১৭০.০০১.০০.০০.০০২.২০২০- ১৯১ তারিখ : ২১.০৭.২০২০ খ্রি.

পরিপত্র

বিষয়ঃ মাস্ক ব্যবহার সংক্রান্ত নির্দেশনা।

সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিসে কর্মরত কর্মকর্তা, কর্মচারী ও সংশ্লিষ্ট অফিসে আগত সেবা গ্রহীতাগণ বাধ্যতামূলকভাবে মাস্ক ব্যবহার করবেন। সংশ্লিষ্ট অফিস কর্তৃপক্ষ বিষয়টি নিশ্চিত করবেন।

২। সরকারি ও বেসরকারি হাসপাতালসহ সকল স্বাস্থ্য সেবা কেন্দ্রে আগত সেবা গ্রহীতাগণ আবশ্যিকভাবে মাস্ক ব্যবহার করবেন। সংশ্লিষ্ট হাসপাতাল কর্তৃপক্ষ বিষয়টি নিশ্চিত করাবেন।

৩। শিক্ষা প্রতিষ্ঠান, মসজিদ, মন্দির ও গীর্জাসহ সকল ধর্মীয় উপাসনালয়ে মাস্ক ব্যবহার নিশ্চিত করতে হবে। স্থানীয় প্রশাসন ও সংশ্লিষ্ট পরিচালনা কমিটি বিষয়টি নিশ্চিত করবেন।

৪। শপিংমল,বিপনিবিতান ও দোকানের ক্রেতা-বিক্রেতাগণ আবশ্যিকভাবে মাস্ক ব্যবহার করবেন। স্থানীয় কর্তৃপক্ষ ও মার্কেট ব্যবস্থাপনা কমিটি বিষয়টি নিশ্চিত করবেন।

৫। হাট-বাজারে ক্রেতা-বিক্রেতাগণ মাস্ক ব্যবহার করবেন। মাস্ক পরিধান ব্যতীত ক্রেতা-বিক্রেতাগণ কোন পণ্য ক্রয়-বিক্রয় করবে না। স্থানীয় প্রশাসন, ও হাট- বাজার কমিটি বিষয়টি নিশ্চিত করবেন।

৬। গণপরিবহনের (সড়ক, নৌ, রেল ও আকাশপথ) চালক, চালকের সহকারী ও যাত্রীদের মাস্ক ব্যবহার নিশ্চিত করতে হবে। গণপরিবহনে আরোহনের পূর্বে যাত্রীদের মাস্ক ব্যবহার করতে হবে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও মালিক সমিতি বিষয়টি নিশ্চিত করবেন।

৭। গার্মেন্টস ফ্যাক্টরিসহ সকল শিল্প কারখানায় কর্মরত শ্রমিকদের মাস্ক ব্যবহার নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ও মালিকগণ বিষয়টি নিশ্চিত করবেন।

৮। হকার, রিক্সা ও ভ্যানচালকসহ সকল পথচারীর মাস্ক ব্যবহার নিশ্চিত করতে হবে। বিষয়টি আইন শৃংখলা রক্ষাকারী বাহিনী নিশ্চিত করবেন।

৯। হোটেল ও রেস্টুরেন্টে কর্মরত ব্যক্তি এবং জনসমাবেশ চলাকালীন আবশ্যিকভাবে মাস্ক পরিধান করবেন। বিষয়টি স্থানীয় প্রশাসন ও সংশ্লিষ্ট মালিক সমিতি নিশ্চিত করতে হবে।

১০। সকল প্রকার সামাজিক অনুষ্ঠানে আগত ব্যক্তিদের মাস্ক পরিধান নিশ্চিত করতে হবে। বিষয়টি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান নিশ্চিত করবেন।

১১। বাড়ীতে করোনা উপসর্গসহ কোন রোগি থাকলে পরিবারের সুস্থ সদস্যগণ মাস্ক ব্যবহার করবেন।

১২। এ পরিপত্র বাংলাদেশে বসবাসরত সকলের জন্য প্রযোজ্য।

উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদক্রমে এ পরিপত্র জারি করা হলো।

২২.০৭.২০২০
(ডাঃ মোঃ শিব্বির আহমেদ ওসমানী)
উপসচিব
ফোনঃ-৯৫১১০৭২
hsdph1@gmail.com

বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব (সকল):..............................মন্ত্রণালয়/বিভাগ।
২। সচিব (সকল):...................................... মন্ত্রণালয়/বিভাগ।
৩। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্য:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫। অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬। সিষ্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের ও বিতরণের অনুরোধসহ)।

Swine Letter-1

DESCO ADMINISTRATION
Received No.
Date